ওয়াসা

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
মডস জোন-৯, ঢাকা ওয়াসা।

বাড়ী ১৯, রোড শাহজালাল এভিনিউ
সেক্টর ৬, উত্তরা, ঢাকা ১২৩০।
ফোনঃ ৭৯১১৯১০।

স্মারক নং- ৪৬.১১৩.৪১৪.০০.০০.০০১.২০২৪-২৫.২০৭/১ তারিখঃ ০১/০২/২৬ ইং।

মেসার্স মালিক এন্ড আবিদ ব্রাদার্স
৩৩৭, পশ্চিম রামপুরা, ডিআইটি রোড
ঢাকা-১২১৯।

বিষয়ঃ **Lowering of 160mm dia and 75mm dia at Hazi Elahi Box road, Prembagan under MODS Zone-9, Dhaka WASA** কাজের কার্যাদেশ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, **Lowering of 160mm dia and 75mm dia at Hazi Elahi Box road, Prembagan under MODS Zone-9, Dhaka WASA** কাজ বাবদ ৪,৭৭,৬৭৬.৬৮২/- (চার লক্ষ সাতাত্তর হাজার ছয়শত ছিয়াত্তর দশমিক ছয় আট দুই) টাকার প্রাক্কলনটি ঢাকা ওয়াসা ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক গত ২৭/১০/২০২৪ইং অনুমোদিত হয়েছে। কিন্তু কাজটি বাস্তবায়ন করার জন্য সড়ক খনন অনুমতি পত্র না পাওয়ায় কাজটি শুরু করা সম্ভব হয়নি। অদ্য ডিএনসিসি অঞ্চল-৭ হতে সড়ক খনন অনুমতি পত্র (৩১/০১/২০২৬ইং হতে ১৪/০২/২০২৬ইং পর্যন্ত) পাওয়া গিয়াছে। বিধায়, কাজটি দ্রুত বাস্তবায়ন এর জন্য ০১/০২/২০২৬ইং হতে ১০/০২/২০২৬ইং (১০দিন) এর মধ্যে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হইল।

সময়াবদ্ধতার স্বার্থে কাজটির তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব মোঃ দেলোয়ার হোসেন, উপ বিভাগীয় প্রকৌশলী ও জনাব আব্দুর রাকিব জোয়ার্দার, উপ সহকারী প্রকৌশলী এর সাথে যোগাযোগ করিয়া ১০ (দশ) দিনের মধ্যে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হইল।

০১/০২/২০২৬

জুনায়েদ আবু ইয়াসীর
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৯, ঢাকা ওয়াসা।

০২/০২/২৬ ০১/০২/২৬

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য।
১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা ওয়াসা।
২। মোঃ দেলোয়ার হোসেন, উপ বিভাগীয় প্রকৌশলী, মডস জোন-৯, ঢাকা ওয়াসা।
৩। আব্দুর রাকিব জোয়ার্দার, উপ-সহকারী প্রকৌশলী, মডস জোন-৯ ঢাকা ওয়াসা।
৪। অফিস কপি।

মোঃ ইয়াহ খান
সহকারী প্রকৌশলী
মডস জোন-৯,
ঢাকা ওয়াসা।

বিষয়ঃ	সড়ক খনন অনুমতি পত্র।
সূত্রঃ	[illegible] স্মারক নং- ৪৬.১০.০০০০.১৭৭.১৬.০২৮.২০২৫, তারিখঃ ১৪/০৮/২০২৫খ্রিঃ।
সড়কের নামঃ-	Lowering Of 160mm Dia and 75mm Dia at Hazi Elahi Box Road, Prembagan Under MODS Zone-9, Dhaka Wasa কাজের জন্য রাস্তা খননের অনুমোদন প্রসঙ্গে।
সড়ক খননের উদ্দেশ্যঃ-	পানির লাইন স্থাপনের জন্য।

(ক) উন্মুক্ত খনন পদ্ধতিঃ-

ক্রঃ নং	রাস্তার প্রকৃতি	নং	দৈর্ঘ্য মিঃ	প্রস্থ মিঃ	পরিমাণ বঃ মিঃ/মিঃ	গভীরতা ১.৫০ মিঃপর্যন্ত	দর (প্রতি বঃমিঃ)	টাকা	১৫% ভ্যাট বাবদ	মন্তব্য
০১	বিসি রোড	১	২২০.০০	০.৪২	৯৬.৬০		৪৯৪৬/-	৪,৭৭,৭৮৪.০০		
							ক্ষতিপূরণ =	৪,৭৭,৭৮৪.০০		
							(+) ১৫% সার্ভিসচার্জ=	৭১,৬৬৮.০০		
							সর্বমোটক্ষতিপূরণ=	৫,৪৯,৪৫২.০০		
							(+) ১৫% ভ্যাট =		৮২,৪১৭.৮০	
							১০০% জামানত=	৫,৪৯,৪৫২.০০		

জমাকৃত চেক/চালানের বিবরন

খনন বাবদ প্রাপ্ত টাকার বিবরন	গৃহীত চেক/চালান নং	জমার তারিখ	চালানের মাধ্যমে জমা	প্রদত্ত টাকা
সড়ক খনন ক্ষতিপূরণ ফি ও ১৫% সার্ভিস চার্জ ফি বাবদ	ব্যাংক চেক- STA No-3778705 তারিখ- ০৫/১১/২০২৫ খ্রিঃ Agrani Bank Limited. Wasa Corporate Branch. Dhaka.	২৪/১১/২০২৫	সোনালী ব্যাংক লিঃ, গুলশান নিউ নর্থ সার্কেল শাখা।	৪,৭৭,৭৮৪.০০/-
সড়ক খনন জামানত ফি বাবদ (১০০% ফেরতযোগ্য)	ব্যাংক চেক- STA No-3778704 তারিখ- ০৫/১১/২০২৫ খ্রিঃ Agrani Bank Limited. Wasa Corporate Branch. Dhaka.	২৪/১১/২০২৫	সোনালী ব্যাংক লিঃ, গুলশান নিউ নর্থ সার্কেল শাখা।	৪,৭৭,৭৮৪.০০/-
১৫% ভ্যাট ফি বাবদ	2526-0018709372l	১৮/১১/২০২৫	অগ্রণী ব্যাংক লিমিটেড, ওয়াসা কর্পোরেট শাখা, ঢাকা।	৭১,৬৬৮.০০/-

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে One Stop Cell এর অনুমোদনের আলোকে ও অপর পাতায় বর্ণিত শর্ত সাপেক্ষে সড়ক খনন কাজটি আগামী ১৫ (পনের) দিন অর্থাৎ ৩১/০১/২০২৬ খ্রিঃ তারিখে শুরু করে ১৪/০২/২০২৬ খ্রিঃ (প্রথম সেগমেন্ট) তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

SDE(CD) 28/01/2026
SAE(RT) 28/01/26

28/01/2026
নির্বাহী প্রকৌশলী
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

সড়ক খনন সংক্রান্ত শর্তাবলীঃ

১.	কার্যস্থলে খনন কাজ শুরুর পূর্বে বাস্তবায়নকারী ব্যক্তির নাম, খনন কাজের সংক্ষিপ্ত উদ্দেশ্য, জনগণের সাময়িক অসুবিধার জন্য দুঃখ প্রকাশ, মোট খনন কাজের দৈর্ঘ্য ও কাজ সমাপ্তির তারিখ উল্লেখসহ সাইন বোর্ড স্থাপন করতে হবে।
২.	খনন কাজ শুরুর ন্যূনতম ২(দুই) দিন আগে পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে প্রচার করতে হবে।
৩.	খনন কাজ শুরুর পূর্বে সংশ্লিষ্ট এলাকার ডেপুটি কমিশনার ট্রাফিক (পশ্চিম), স্থানীয় থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা দারুস সালাম থানা ও ঢাকা ওয়াসা, ডেসকো এবং বিটিসিএল এর কর্তৃপক্ষের সাথে সমন্বয় করে কাজটি করতে হবে।
৪.	খনন সাইটের চতুর্দিকে নির্ধারিত ডিজাইনের লাল ফিতা দ্বারা বেষ্টনী ও Signal light স্থাপন করতে হবে।
৫.	খনন কাজ প্রধানত রাতেই করতে হবে। তাই রাত্রিকালীন খননের সময় পর্যাপ্ত বাতি এবং Signal light এর ব্যবস্থা রাখতে হবে। রাতের বেলায় লাল বাতি ও দিনের বেলায় [illegible] বাতির ব্যবস্থা করতে হবে। পথচারী ও যানবাহন নির্বিঘ্নে চলাচলের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।

৬.	খনন কাজ চলাকালীন এবং পরবর্তীতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা, এর নিকট হস্তান্তর পর্যন্ত সাইটের দুপাশের [illegible] যাতে জনসাধারণের চলাচলের অসুবিধার সৃষ্টি না করে তজ্জন্য নিয়মিত ও প্রয়োজন অনুযায়ী [illegible] পানি ছিটাতে হবে।
৭.	Cross Cutting এর উপর অবশ্যই প্রয়োজনীয় পুরুত্বের এম. এস প্লেট ব্যবহার করে জনসাধারণ ও যানবাহন চলাচলের সুষ্ঠু ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
৮.	খনন কাজ দ্রুত সমাপ্তিকল্পে আধুনিক যন্ত্রপাতি ও প্রযুক্তি ব্যবহার করতে হবে।
৯.	খনন সাইটে জনসাধারণ ও যানবাহন চলাচলের সমস্যার সৃষ্টি করে নির্মাণ সামগ্রী বা মালামাল মজুদ করা যাবে না। খনন ও পুনর্বাসন কাজে সংস্থার মাঠ পর্যায়ে প্রকৌশলী ও অন্যান্য কার্যকরী কর্মকর্তা/কর্মচারীকে উপস্থিত রাখতে হবে।
১০.	নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই খনন কাজ শেষ করতে হবে। যুক্তিযুক্ত কোন কারনে খনন কাজ সম্পাদনে বিলম্বিত হলে নীতিমালার শর্তাবলী অনুসারে জরিমানা প্রদানে বাধ্য থাকতে হবে।
১১.	খননকৃত মাটি, রাবিশ ইত্যাদি ২৪ ঘন্টার মধ্যে অপসারণ করতে হবে। অন্যথায় নীতিমালার শর্ত মতে জামানত থেকে পরিবহন ব্যয় কর্তন করা হবে।
১২.	খনন কাজ সম্পন্নের পরই খননকৃত Trench বালি দ্বারা ভরাট ও Compaction করতে হবে।
১৩.	খনন কাজ শেষে ভরাটকৃত Trench এর উপর brick soling ও herring bone bond করে যানবাহন চলাচলের উপযোগী করে দিতে হবে
১৪.	খনন কাজ শেষে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা'কে বুঝিয়ে না দেয়া পর্যন্ত সড়ক যানবাহন চলাচলের উপযোগী রাখতে হবে।
১৫.	বাস্তবায়নকারী ব্যক্তি খনন কালে খননকৃত স্থানে যে কোন দূর্ঘটনার জন্য দায়ী থাকবে এবং প্রযোজ্য ক্ষেত্রে উপযুক্ত ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকতে হবে। বেশী গভীরতায় রাস্তা খনন কাজে অবশ্যই প্যালাসাইডিং ব্যবহার করতে হবে।
১৬.	অন্যান্য ব্যক্তির ভূ-গর্ভস্থ সার্ভিস লাইন ক্ষতিগ্রস্থ হলে খননকারী সংস্থা এর দায়-দায়িত্ব বহন করবে এবং ক্ষতিগ্রস্থ লাইন জরুরী ভিত্তিতে মেরামত পূর্বক সক্রিয় করনে বাধ্য থাকবে।
১৭.	খননকালে ক্ষতিগ্রস্থ ফুটপাথ, সারফেস ড্রেন, রোড ডিভাইডার, গাছ ইত্যাদি সহ অপরাপর সংস্থার ইউটিলিটি এর নির্ধারিত হারে ক্ষতিপূরণ [illegible] প্রদানে বাধ্য থাকবে।
১৮.	খননকালে সাইটে ব্যক্তির দায়িত্বশীল প্রতিনিধি উপস্থিত থাকতে হবে এবং সড়ক খনন সংক্রান্ত অনুমোদন পত্র অবশ্যই সঙ্গে রাখতে হবে ডিএনসিসি'র প্রতিনিধি/উপযুক্ত কর্তৃপক্ষের চাহিবা মাত্র প্রদর্শন করতে হবে। এবং প্রয়োজনে তাৎক্ষনিক নির্দেশ মোতাবেক কার্যক্রম গ্রহণে বাধ্য থাকবে।
১৯.	খনন কাজ শেষে যৌথ পরিমাপের ভিত্তিতে অনুমতির অতিরিক্ত ক্ষতিগ্রস্থ/খননের বিল নির্ধারন করে রক্ষিত জামানতের অর্থ দ্বারা সমন্বয় করা হবে।
২০.	ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কোন কারন দর্শানো ছাড়াই জনস্বার্থে তাৎক্ষনিক ভাবে খনন কাজ বন্ধ করে দিতে পারবে।

২৭/০১/২৬
নির্বাহী প্রকৌশলী
অঞ্চল-৭
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

স্মারক নং- ৪৬.১০.০০০০.১৫৭.১৬.০১৮২০২৬ তারিখঃ- ২৭ / ০১/২০২৬ ইং

অনুলিপি ঃ- সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল সার্কেল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৭, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৬. প্রশাসক মহোদয়ের একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৭. উপ-পুলিশ কমিশনার ট্রাফিক (উত্তর), ঢাকা। খনন চলাকালীন সময়ে খননকারী সংস্থাকে সার্বিক সহযোগিতা প্রদানের অনুরোধ করা হলো।
৮. ভারপ্রাপ্ত কর্মকর্তা, উত্তরা পশ্চিম মডেল থানা, ঢাকা।
৯. নথির কপি।
১০. অফিস কপি।